

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০০০.০৬৩.৯৯.০০০৭.২৬-৪৮৫

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩৩
৩০ জুন ২০২৬

বিষয়: লালমনিরহাট জেলার লালমনিরহাট পৌরসভার সীমানা সম্প্রসারণ।

সূত্র: জনাব আসাদুল হাবিব দুলা, এমপি, মাননীয় মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এর আধা সরকারি পত্র নং-২৬০;
তারিখ: ০৭/০৬/২০২৬


উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে লালমনিরহাট জেলার লালমনিরহাট পৌরসভার সীমানা সম্প্রসারণ সংক্রান্ত জনাব আসাদুল হাবিব দুলা, এমপি, মাননীয় মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে প্রাপ্ত পত্রের ছায়ািলিপি এ সাথে প্রেরণ করা হলো। উক্ত পত্রের মর্মানুযায়ী নিম্নোক্ত তথ্যাদিসহ লালমনিরহাট পৌরসভার পৌর এলাকা সম্প্রসারণের প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- পৌরসভার সম্প্রসারণের বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক ও সদস্যবৃন্দের অনাপত্তিপত্র;
- প্রস্তাবিত সম্প্রসারণের বিষয়ে পৌর পরিষদের সিদ্ধান্ত সম্বলিত সকল ওয়ার্ড কাউন্সিলর-এর স্বাক্ষরযুক্ত কার্যবিবরণী;
- পৌরসভার বিগত ০৩ (তিন) বছরের গড় রাজস্ব আয়ের বিবরণী ও পৌরসভার কর্মকর্তা/কর্মচারীদের হালনাগাদ বেতন পরিশোধের প্রত্যয়নপত্র; এবং
- স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩ এবং পৌরসভার পৌর এলাকার সীমানা পরিবর্তন (সম্প্রসারণ ও সংকোচন) বিধিমালা, ২০১৬ এর বিধি ৩(১) অনুযায়ী নিম্নরূপ শর্তসমূহের হালনাগাদ তথ্যাদি:
 - প্রস্তাবিত এলাকার অকৃষি পেশায় নিয়োজিত ব্যক্তির শতকরা হার;
 - প্রস্তাবিত এলাকার অকৃষি প্রকৃতির ভূমির শতকরা হার;
 - প্রস্তাবিত এলাকার জনসংখ্যার ঘনত্ব;
 - প্রস্তাবিত এলাকার দাগ নম্বরসমূহ পরস্পর সংযুক্ত ও পৌরসভার সংলগ্ন কিনা;
 - প্রস্তাবিত এলাকার স্থানীয় আয়ের উৎস, অর্থনৈতিক গুরুত্ব এবং অবকাঠামোগত সুবিধাদির বিবরণ;
 - প্রস্তাবিত এলাকা সেনানিবাস বহির্ভূত কিনা; এবং
 - স্কেচ ম্যাপ (A-৪ সাইজ কাগজে বিদ্যমান পৌরসভার এলাকা ও সম্প্রসারণের জন্য প্রস্তাবিত এলাকা এবং সংশ্লিষ্ট জেলা/উপজেলায় সেনানিবাস থাকলে তার অবস্থান পৃথক কালি দ্বারা চিহ্নিত হতে হবে);
 - প্রস্তাবিত এলাকার তফসিল নিম্নোক্ত ছক অনুযায়ী প্রদান করতে হবে (সফট কপিসহ)

তফসিল:

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে এল নং	দাগ নং
১	২	৩	৪	৫

সংযুক্তি: পাতা।


মো: সগীষ হোসেন
উপসচিব

ফোন: +৮৮০২৯৫১৪১৪২

ইমেইল-lgpaura1@lgd.gov.bd

জেলা প্রশাসক
লালমনিরহাট

অনুলিপি:

- যুগ্মসচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।